



বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

সোনারগাঁও, নারায়ণগঞ্জ

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

website:www.sonargaonmuseum.gov.bd

বিষয়: গত ১২.১১.২০১৮ তারিখে অনুষ্ঠিত ফাউন্ডেশনের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি

: জনাব মো: রবিউল ইসলাম,

উপপরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

সভার তারিখ

: ১২.১১.২০১৮ খ্রি:

সময়

: বেলা ১২.০০টা

স্থান

: সভাকক্ষ, বালোকাফা

উপস্থিতি

: নিম্নোল্লিখিত সদস্যগণ সভায় উপস্থিত ছিলেন:

০১. জনাব একেএম আজাদ সরকার, ডিসপ্লে অফিসার -সদস্য, ইনোভেশন টিম
০২. জনাব মো: ইয়ামিন খান, রেজিস্ট্রেশন অফিসার -সদস্য
০৩. জনাব মিজানুর রহমান, ভারপ্রাপ্ত (ভা:) হিসাব রক্ষক (আইসিটি পার্সন হিসেবে) -সদস্য
০৪. জনাব মো: আশরাফুল আলম নয়ন, তত্ত্বাবধায়ক (আইসিটি পার্সন হিসেবে) -সদস্য-সচিব

বিগত সভার সিদ্ধান্তে পরিপ্রেক্ষিতে বাস্তবায়ন অবস্থা, ফাউন্ডেশন দপ্তরের সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের ক্ষেত্রে পন্থা উদ্ভাবন ও চর্চা, কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধিসহ ২০১৮-২০১৯ সালের বার্ষিক কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত যে সকল লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে সে সকল লক্ষ্যমাত্রার অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হলো:

| ক্র:নং | আলোচ্য বিষয়   | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী   |
|--------|--|--|
| ০১.    | ইনোভেশন সংক্রান্ত পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | বিগত ১০.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর ২০১৮ মাসের ইনোভেশন সংক্রান্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো।   |
| ০২.    | ইনোভেশন সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ   | প্রতিমাসের ইনোভেশন সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। সে সংগে ওয়েব সাইটে প্রদর্শন করতে হবে।<br>বাস্তবায়নকারী: পি.এ/প্রশাসনিক দায়িত্বপ্রাপ্ত এবং আইসিটি পার্সন হিসেবে দায়িত্ব প্রাপ্ত ভা: হিসাব রক্ষক ও তত্ত্বাবধায়ক              |
| ০৩.    | ওয়েবসাইট হালনাগাদকরণ                                    | ফাউন্ডেশনের ওয়েবসাইট নিয়মতভাবে হালনাগাদ করতে হবে এবং অনুষ্ঠিতব্য সকল আনুষ্ঠানিক কার্যক্রম ওয়েবসাইটে নিয়মিত উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নকারী: আইসিটি পার্সন হিসেবে দায়িত্ব প্রাপ্ত ভা: হিসাব রক্ষক ও তত্ত্বাবধায়ক   |
| ০৪.    | ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ                              | ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ শীঘ্রই শুরু করা হবে।<br>বাস্তবায়নকারী: উপপরিচালক  |
| ০৫.    | ই-মেইল ব্যবহার   | সকল চিঠি-পত্র, প্রতিবেদন ইত্যাদির হার্ড কপি মন্ত্রণালয় অথবা অন্য কোন দপ্তরে প্রেরণের সাথে সাথে সফট কপি ই-মেইল যোগে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়নকারী: পি.এ/প্রশাসনিক দায়িত্বপ্রাপ্ত এবং আইসিটি পার্সন হিসেবে দায়িত্ব প্রাপ্ত ভা: হিসাব রক্ষক ও তত্ত্বাবধায়ক |
| ০৬.    | সেবা প্রক্রিয়া সহজীকরণ                                  | সেবা প্রক্রিয়া সহজীকরণ নিমিত্ত আইভিআর বেইজড হেল্পডেস্ক চালু করা হবে।<br>বাস্তবায়নকারী: উপপরিচালক ও প্রশাসনিক দায়িত্বপ্রাপ্ত পি.এ  |

|     |                           |  |
|-----|---------------------------|--|
| ০৭. | ই-টেন্ডার চালু            | ই-টেন্ডার চালুর ক্ষেত্রে সকল ক্রয় অনলাইনে সম্পন্ন করার প্রক্রিয়া প্রস্তুত হয়েছে। এ পর্যায়ে টেন্ডার ফ্লোট করতে হবে।<br>বাস্তবায়নকারী: সংশ্লিষ্ট কর্মকর্তা ও উপসহকারী প্রকৌশলী  |
| ০৮. | ই-ফাইলিং                  | অনলাইনের মাধ্যমে দাপ্তরিক নথি পরিচালনার ই-ফাইলিং ক্ষুদ্র পরিসরে চালু করা হয়েছে। ই-ফাইলিং পদ্ধতি আরো গতিশীল করতে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশনা প্রদান করা হলো।<br>বাস্তবায়নকারী: উপপরিচালক, আইসিটি পার্সন হিসেবে দায়িত্ব প্রাপ্ত ভা: হিসাব রক্ষক ও তত্ত্বাবধায়ক |
| ০৯. | সফটওয়্যার তৈরি ও ব্যবহার | সুষ্ঠু ব্যবস্থাপনার নিমিত্ত স্টোর, লাইব্রেরি ও নিদর্শন দ্রব্য ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরি করতে হবে।<br>বাস্তবায়নকারী: আইসিটি পার্সন হিসেবে দায়িত্ব প্রাপ্ত ভা: হিসাব রক্ষক ও তত্ত্বাবধায়ক  |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

(মো: রবিউল ইসলাম)

উপপরিচালক

ও

ইনোভেশন অফিসার

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

স্মারক নং:

১. পরিচালক মহোদয়ের একান্ত সহকারী
২. ইনোভেশন টিমের সদস্যগণ
৩. সংশ্লিষ্ট নথি
৪. ....

তারিখ:

-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য

(মো: রবিউল ইসলাম)

উপপরিচালক

ও

ইনোভেশন অফিসার

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন